

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.১৬.০০৫.১৯-২০৯

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৭
১০ ডিসেম্বর ২০২০


বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাসনামলে (১৯৭২-১৯৭৫) গৃহীত বিভিন্ন কার্যক্রমের তথ্যাদি প্রেরণ

সূত্র: প্রধানমন্ত্রী কার্যালয়ের ০৭ ডিসেম্বর ২০২০ তারিখের ০৩.০০.০০০০.০৭০.৯৯.০১২.১৮-১৮২ সংখ্যক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী কার্যালয়ের সূত্রোক্ত পত্রটি সংযুক্তিপূর্বক এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। প্রধানমন্ত্রী কার্যালয়ের পত্রের আলোকে স্বাস্থ্য সেবা বিভাগ ও এর আওতাধীন দপ্তরসমূহে ১৯৭২ থেকে ১৯৭৫ মেয়াদকালে প্রণীত/গৃহীত নিম্নোক্ত তথ্যাদি আবশ্যিকভাবে আগামী ১৩-১২-২০২০ তারিখের মধ্যে হার্ডকপি এবং সফটকপি আকারে (ই-মেইল: monitor@hsd.gov.bd) প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) প্রণীত বিভিন্ন আইন, বিধি-বিধান এবং কর্মপরিকল্পনার তথ্যাদি;
- (খ) আইন ও বিধি-বিধানের আলোকে কতগুলো প্রতিষ্ঠান উল্লিখিত মেয়াদকালে স্থাপিত হয়েছিল;
- (গ) কতগুলো হাসপাতাল ভবন নির্মিত হয়েছিল;
- (ঘ) মোট কতজন ডাক্তার ও নার্সের পদ সৃষ্টি হয়েছিল এবং কতজন ডাক্তার ও নার্সকে নিয়োগ প্রদান করা হয়েছিল;
- (ঙ) অর্থবছর অনুযায়ী বাজেট বরাদ্দের পরিমাণ কত ছিল;
- (চ) অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যাদি (যদি থাকে)।

কপি সংযুক্ত: বর্ণনা মোতাবেক ১ (এক) পাতা


২০/১২/২০২০
(মোহাম্মদ ইকবাল হোসেন)
উপসচিব

ফোন: ৯৫৪০৩৬২

(ই-মেইল: monitor@hsd.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন/হাসপাতাল/বাজেট/উন্নয়ন) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (স্বাস্থ্য উইং), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

